

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৫০২

৮৩/ ফাযায়েল (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ৪৩/২০. নবী (ﷺ) — এর পাপকর্ম থেকে দূরে থাকা, বৈধ কাজের মধ্যে সহজটিকে গ্রহণ করা এবং আল্লাহ তা'আলার জন্য প্রতিশোধ নেয়া যখন তাঁর (আল্লাহর) হুকুমের অর্মাদা করা হয়।

مَبَاعِدُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِلَّاثَامِ وَالْخِتَارِهِ مِنَ الْمَبَاحِ أَسْهَلَهُ وَأَنْتَقامَهُ لِلَّهِ عِنْدَ اِنْتِهَا
حرماته

আরবী

حَدِيثُ عَائِشَةَ، أَنَّهَا قَالَتْ: مَا خُيِّرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، بَيْنَ أَمْرَيْنِ إِلَّا أَخَذَ أَيْسَرَهُمَا، مَا لَمْ يَكُنْ إِثْمًا فَإِنْ كَانَ إِثْمًا كَانَ أَبْعَدَ النَّاسِ مِنْهُ وَمَا انْتَقَمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، لِنَفْسِهِ، إِلَّا أَنْ تُنْتَهَكَ حُرْمَةُ اللَّهِ فَيَنْتَقِمَ لِلَّهِ بِهَا

বাংলা

১৫০২. 'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে যখনই দু'টি জিনিসের একটি গ্রহণের স্বাধীনতা দেয়া হত, তখন তিনি সহজটিই গ্রহণ করতেন যদি তা গুনাহ না হত। গুনাহ হতে তিনি অনেক দূরে অবস্থান করতেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের ব্যাপারে কখনো প্রতিশোধ গ্রহণ করেননি। তবে আল্লাহর সীমারেখ্ব লজ্জন করা হলে আল্লাহকে সন্তুষ্ট করার জন্য প্রতিশোধ নিতেন।

ফুটনোট

সহীল বুখারী, পর্ব ৬১; মর্যাদা ও গুণাবলী, অধ্যায় ২৩, হাঃ ৩৫৬০; মুসলিম, পর্ব ৪৩; ফাযায়েল, অধ্যায় ২০, হাঃ ২৩২৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84730>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন